Book No. I, Being No. 902 St. on. 22/2/91 A.D.S.R.

10 RS.

दस रुपये

भारत

INDIA

१० रु.

10 Rs.

TEN RUPEES

No. 613 Date 25/2/91
Stamp 2000 + 500 + 100 + 10 = 2610 NS
in 4 sheets

902 for 1991

11.55
12.00
5.00
28.55

25/2/91

A 704.00
E 7.00
711.00

*************************

স্থাবর সম্পত্তির আপোষ বন্টননামা

*************************

Sd/- S. Datta
22.2.91

প্রথম পক্ষ :- শ্রী নিখিল রঞ্জন সান্যাল , পিতা মৃত নির্মল চন্দ্র সান্যাল , জাতি - হিন্দু , পেশা - চাকুরী , সাকিন - "প্রান্তিক" ১ নং কালী টেম্পল রোড , পোঃ অঃ ও থানা - নিমতা , কলিকাতা - ৪৯ ।

দ্বিতীয় পক্ষ :- শ্রী তাপস কুমার সান্যাল , পিতা মৃত নির্মল চন্দ্র সান্যাল , জাতি - হিন্দু , পেশা - চাকুরী , সাকিন - "প্রান্তিক" ১ নং কালী টেম্পল রোড , পোঃ অঃ ও থানা - নিমতা , কলিকাতা - ৪৯ ।

তৃতীয় পক্ষ :- শ্রী রবিশংকর সান্যাল , পিতা মৃত নির্মল চন্দ্র সান্যাল , জাতি হিন্দু ,

নিখিল রঞ্জন সান্যাল

Sd/- Y. Datta
22.7.91

Execution is admitted by
1) Nikhil Ranjan Sanyal
2) Tapas Kr Sanyal
3) Rabi Sankar Sanyal
4) Manas Kr Sanyal
Lt. Nirmal Ch Sanyal
1 Kali Temple Rd
Nimta

T.I 1163 নিখিল রঞ্জন সান্যাল



চতুর্থ পক্ষ :- শ্রী মানস কুমার সান্যাল , পিতা মৃত নির্মল চন্দ্র সান্যাল , জাতি হিন্দু,
পেশা - চাকুরী , সাকিন - "প্রান্তিক" ১ নং কালী টেম্পেল রোড ,
পোঃ অঃ ও থানা - নিমতা , কলিকাতা - ৪৯ ।

T.I 1164 তাপস কুমার সান্যাল

| | | | |
|---|---|---|---|
| প্রথম পক্ষের অংশের প্রাপ্ত সম্পত্তির মূল্য | ........ | ২০,০০০.০০ টাকা | । |
| দ্বিতীয় পক্ষের অংশের প্রাপ্ত সম্পত্তির মূল্য | ........ | ২৫,০০০.০০ টাকা | । |
| তৃতীয় পক্ষের অংশের প্রাপ্ত সম্পত্তির মূল্য | ........ | ২৫,০০০.০০ টাকা | । |
| চতুর্থ পক্ষের অংশের প্রাপ্ত সম্পত্তির মূল্য | ........ | ২০,০০০.০০ টাকা | । |
| মোট ষোল আনা সম্পত্তির মূল্য | ....... | ৯০,০০০.০০ টাকা | । মোট নব্বই হাজার টাকা মাত্র । |

T.I 1165 রবি শংকর সান্যাল

T.I 1166 মানস কুমার সান্যাল

ক্রমশঃ .......

Biswanath Malakar
Brojra Malakar
564 N. B. Road
Nimta

B. Datta
22.2.91



কথা বণ্টন নামা পত্রমিদং কার্য্যঞ্চাগে :- জেলা উত্তর ২৪ পরগণা থানা দমদম হাল থানা নিমতা, এ্যাডিশানাল ডিষ্ট্রিক্ট কাশীপুর দমদম, সাব রেজিষ্ট্রী অফিস, পরগণা কলিকাতা নর্থ দমদম মিউনিসিপ্যালিটির এলাকাধীন জে.এল. নং ২, রে.সা. নং ১০২, মৌজা উত্তর নিমতা ৬৩, ১৬৩, ১৬৪ নং তৌজি ঊর্দ্ধতন মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেক্টর - বাহাদুর অধিকারে ২১১ নং খতিয়ানস্থিত ২১০২ নং দাগের .১৫ শতক বুহ্যোত্তর নিস্কর বাস্ত জমি যায় একতল বিশিষ্ট পাকা ইমারত বাটী যাহা শ্রীমতী বিরাজ মোহিনী দাসীর স্বত্ব দখলিয় সম্পত্তি থাকে উক্ত জমিজমা উক্ত বিরাজ মোহিনী দাসী ভোগদখল করিয়া আসিতে থাককালে তদীয় দুই পুত্র শ্রী কালীপদ গুহ ও শ্রী মোহিত কুমার গুহকে একমাত্র ওয়ারিশ রাখিয়া পরলোকগমন করিলে পর উক্ত শ্রী কালীপদ গুহ ও শ্রী মোহিত কুমার গুহ উক্ত সমুদয় সম্পত্তির ষোল আনা



মালিক ....

মালিক দখলকার নিযুক্ত হইয়া ভোগ দখল করিয়া আসিতে থাকাকালে উক্ত কালীপদ গুহ মহাশয় কোন প্রকার উইলাদি না করিয়া তদীয় বিধবা স্ত্রী শ্রীমতী শৈলবালা গুহ এবং তদীয় একমাত্র পুত্র শ্রী সন্তোষ কুমার গুহকে একমাত্র ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করিলে পর উক্ত শ্রীমতী শৈলবালা গুহ এবং শ্রী সন্তোষ কুমার গুহ দিগেরা সমুদয় সম্পত্তির ॥ আট আনা অংশের মালিক দখলকার নিযুক্ত হয়েন এবং অপর সরীক শ্রী মোহিত কুমার গুহ মহাশয় কোন প্রকার উইলাদি না করিয়া তাহার চার পুত্র শ্রী শিশির কুমার গুহ, শ্রী সনৎ কুমার গুহ, শ্রী সুনীল কুমার গুহ ও শ্রী সুকুমার গুহকে একমাত্র ওয়ারিশ রাখিয়া পরলোকগমন করিলে পর উক্ত শ্রী শিশির কুমার গুহ দিগেরা সমুদয় সম্পত্তি অপর ॥॰ আট আনা অংশের মালিক দখলকার নিযুক্ত হইয়া যৌথ ভাবে ষোল আনা সম্পত্তি খাসে অবিবাদে ভোগ দখল - করিয়া আসিতে থাকাকালে শ্রী সুকুমার গুহ তাহার অংশের সমুদয় সম্পত্তির ২ দুই আনা - অংশমত সম্পত্তির কোন প্রকার উইলাদি না করিয়া নিঃসন্তান অবস্থায় তদীয় বিধবা স্ত্রী শ্রীমতী

রেনা ......

বেলা রানী গুহকে একমাত্র ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করিলে পর উক্ত শ্রীমতী বেলা রানী গুহ মহাশয়া অপর সরীক দিগের সহিত যৌথ ভাবে অংশমত সম্পত্তিতে মালিক দখলকার নিযুক্ত হইয়া থাকে অবিবাদে ভোগ দখল করিয়া আসিতে থাককালে সকলে একত্রে একযোগে উক্ত জমিজমা সাফ বিক্রয় করিবার ঘোষণা করিলে পর জেলা নদীয়া থানা করিমপুর , জামসেদ পুর নিবাসীনি মৃত ললিত কুমার চৌধুরী মহাশয়ের ধর্ম্মপত্নী শ্রীমতী আশালতা দেবী বিগত ইংরাজী ১৮.৬.১৯৫২ সালে ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রী আলীপুর অফিসের ১ নং বহির ৪১ নং ভলুমের ১৬৫ হইতে ১৭১ নং পাতায় নকলকৃত ২৫৮৬ নং রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিলের দ্বারা উক্ত শ্রী সন্তোষ কুমার গুহ দিগের নিকট হইতে ষোল আনা সম্পত্তি খরিদ করিয়া মালিক দখলকারিনী নিযুক্ত হইয়া থাকে অবিবাদে ভোগ দখল করিয়া আসিতে থাক কালে হাল রিভিশ্যানাল সেটেলমেন্ট সুরু হয় এবং উক্ত সেটেলমেন্টে উক্ত শ্রীমতী আশালতা দেবী মহাশয়ের নাম বরাবর ৪ নং খতিয়ানে রায়ত দখলী সুত্রে .১৫ শতক নিস্কর বাস্ত জমি সায় দালান ঘর ষোল আনা রকমে রেকর্ড লিপিবদ্ধ হয় । ঐ এবং উক্ত নিজ স্ত্রীধন অর্থে খরিদা ও রেকর্ড ভুক্ত সম্পত্তি উক্ত শ্রীমতী আশালতা দেবী মহাশয়া তদীয় পুত্র শ্রী - অজিৎ কুমার চৌধুরী মহাশয়ের সহিত একত্রে থাকে অবিবাদে ভোগ দখল করিয়া আসিতে থাককালে শ্রীমতী আশালতা দেবী তাহার খরিদা সুত্র দখল এবং শ্রী অজিত কুমার চৌধুরী তাহার দখল সুত্র , শ্রীমতী আশালতা দেবী মহাশয়া তদীয় কন্যা ১২ নং বাদুর রোড নিমতা নিবাসিনী শ্রী নির্ম্মল চন্দ্র সান্যাল মহাশয়ের ধর্ম্মপত্নী শ্রীমতী প্রীতিলতা দেবী মহাশয়ার - নিকট বিগত ইংরাজী ১২.১.১৯৫৬ সালে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১১ নং ভলুমের ১৮ হইতে ২২ পাতায় নকলকৃত ২৪০ নং রেজিষ্ট্রীকৃত দানপত্র দলিলের -

দ্বারা ....

দ্বারা এবং উক্ত দলিলে শ্রী অজিত কুমার চৌধুরী কনফার্মিং পার্টি হিসাবে সহি সম্পাদনে উক্ত সমুদয় সম্পত্তি দান করিয়া উক্ত সম্পত্তি হইতে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন । অতঃপর উক্ত শ্রীমতী প্রীতিলতা দেবী মহাশয়া উক্ত জমিজমা খাসে অবিবাদে ভোগ দখল করিয়া আসিতে থাককালে বিগত ইংরাজী ২৮.১.১৯৮১ সালে তদীয় চারপুত্র , ১) শ্রী নিখিল রঞ্জন - সান্যাল , ২) শ্রী তাপস কুমার সান্যাল , ৩) শ্রী রবি শংকর সান্যাল , ৪) শ্রী মানস কুমার সান্যাল ও তদীয় তিন কন্যা শ্রীমতী পুরবী মিত্র , শ্রীমতী সুরভী চক্রবর্ত্তী , শ্রীমতী ভারতী মিত্র দিগকে একমাত্র ওয়ারিশ রাখিয়া পরলোক গমন করিলে পর উক্ত শ্রী নিখিল রঞ্জন সান্যাল দিগেরা ষোল আনা সম্পত্তির ১।৭ একের সাত অংশ করিয়া অবিভক্ত সম্পত্তির মালিক দখলকার নিযুক্ত হয়েন এবং উক্ত অবিভক্ত সম্পত্তি এজমালিতে যৌথ ভাবে ভোগদখল করিয়া আসিতে থাককালে শ্রীমতী পুরবী মিত্র , শ্রীমতী সুরভী চক্রবর্ত্তী ও শ্রীমতী ভারতী মিত্র দিগেরা তাহাদিগের অংশে ১।৭ অংশ করিয়া সর্ব্ব মোট ৩।৭ অংশ সম্পত্তি তাহাদিগের চার ভ্রাতা শ্রী নিখিল রঞ্জন সান্যাল , শ্রী তাপস কুমার সান্যাল , শ্রী রবি শংকর সান্যাল ও শ্রী মানস কুমার সান্যাল দিগের নাম বরাবর বিগত ইংরাজী ২৫.১০.১৯৯০ সালে - এ্যাডিশ্যানাল ডিস্ট্রিক্ট কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ৫১০২ নং - রেজিষ্ট্রীকৃত দানপত্র দলিলের দ্বারা ৩।৭ অংশে ৩ - ১৪ - ১২' তিন কাঠা চৌদ্দ ছটাক বার বর্গফুট জমি সায় গৃহাদীর অংশ দান করিয়া উক্ত সম্পত্তির অংশ হইতে চির নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন । এমতে শ্রী নিখিল রঞ্জন সান্যাল , শ্রী তাপস কুমার সান্যাল - শ্রী রবি শংকর সান্যাল ও শ্রী মানস কুমার সান্যাল দিগেরা অর্থাৎ অত্র দলিলের পক্ষগণ

আমরা উক্ত সমুদয় .১৫ শতক বা ১ - ৯ - ১৩ নয় কাঠা এক ছটাক তের বর্গফুট জমি সহ গৃহাদীর মালিক দখলকার নিযুক্ত হই । এবং উক্ত সম্পত্তি আমরা এযাবৎকাল যৌথ ভাবে অন্যের নিরাপদে নির্ব্যুঢ় স্বত্বে ভোগ দখল করিয়া আসিতেছি । যাহা দান , বিক্রয় - হস্তান্তরাদি করিবার উত্তম নির্ব্যুঢ় স্বত্ব ও অধিকার আমাদিগের বর্তমান আছে ।

এক্ষণে আমরা পক্ষগণ নিজ নিজ দখল ব্যবহারের সুবিধার্থে একমতাবলম্বী হইয়া আমাদিগের স্বত্ব দখলীয় (ক) তপশীল বর্ণিত যোল আনা সম্পত্তি আপোষ মতে বিভাগ বন্টন করিয়া এতদ্বারা স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে :-

নিম্ন (ক) তপশীল বর্ণিত ষোল আনা সম্পত্তি মধ্যে নিম্ন (খ) তপশীল বর্ণিত ও তত্রসহ নকসায় প্রদর্শিত লাল রঙে বেষ্টিত ও সীমাঙ্কিত 'এ' ব্লকস্থিত ২১০২ নং দাগের পশ্চিমদিকস্থ ৪ ' - ০ " চার ফুট কমন প্যাসেজ সহ স্থানীয় মাপের কমবেশী ২ - ০ - ২৯ ' দুই কাঠা উনত্রিশ বর্গফুট জমি সহ তদুপরিস্থিত একটি অব্যবহার্য্য পুরাতন টালির ছাউনি যুক্ত ঘর সহ দক্ষিণ ও পূর্ব দিকস্থ বাউন্ডারী প্রাচীর সহ যাবতীয় আকর আওলাতাদি প্রথম পক্ষ আমি একক ষোল আনা নির্দিষ্ট ও চিহ্নিত মতে প্রাপ্ত হইলাম । অন্য পক্ষ দিগের অংশে প্রাপ্ত সম্পত্তিতে আমার কোনরূপ স্বত্ব , সংশ্রব অধিকার রহিল না ।

নিম্ন (ক) তপশীল বর্ণিত ষোল আনা সম্পত্তি মধ্যে নিম্ন 'গ' তপশীল বর্ণিত ও তত্রসহ নকসায় প্রদর্শিত নীল রঙে বেষ্টিত ও সীমাঙ্কিত 'সি' ব্লকস্থিত ২১০২ নং

নম্বর.....

নম্বর দাগের পশ্চিম দিকস্থ ৪' চার ফুট কমন প্যাসেজ সহ স্থানীয় মাপের কমবেশী - ১ - ১৪ - ১৬' এক কাঠা চৌদ্দ ছটাক ষোল বর্গফুট জমি মায় তদুপরিস্থিত তিন কামরা শয়নঘর মায় সংলগ্ন ৫' পাঁচ ফুট বারান্দা মায় দ্বিতলে উঠিবার সিঁড়ি মায় পায়খানা, বাথরুম মায় যাবতীয় আকর আওনাতাদি দ্বিতীয় পক্ষ আমি একক ষোল আনা নির্দিষ্ট ও চিহ্নিত মতে প্রাপ্ত হইলাম। অন্য পক্ষদিগের অংশে প্রাপ্ত সম্পত্তিতে আমার কোনরূপ স্বত্ব সংশ্রব অধিকার রহিল না ।

নিম্ন (ক) তপশীল বর্ণিত ষোল আনা সম্পত্তি মধ্যে নিম্ন (ঘ) তপশীল বর্ণিত ও তত্রসহ নকসায় প্রদর্শিত 'হলদে' রঙে বেষ্টিত ও সীমাঙ্কিত ব্লক - ডি অক্ষর দ্বারা চিহ্নিত প্লটস্থিত স্থানীয় মাপের কমবেশী ২ - ০ - ১ দুই কাঠা এক বর্গফুট জমি মায় তদুপরিস্থিত দুই কামরা শয়নঘর, একটি রান্নাঘর মায় তৎসংলগ্ন বারান্দা মায় যাবতীয় আকর আওনাতাদি তৃতীয় পক্ষ আমি একক ষোল আনা নির্দিষ্ট ও চিহ্নিত মতে প্রাপ্ত হইলাম। অন্য পক্ষদিগের অংশে প্রাপ্ত সম্পত্তিতে আমার কোনরূপ স্বত্ব, সংশ্রব অধিকার রহিল না ।

নিম্ন (ক) তপশীল বর্ণিত ষোল আনা সম্পত্তি মধ্যে নিম্ন (ঙ) তপশীল বর্ণিত ও তত্রসহ নকসায় প্রদর্শিত সবুজ রঙে বেষ্টিত ও সীমাঙ্কিত 'ব্লক 'বি' অক্ষর দ্বারা চিহ্নিত ও প্লটস্থিত পশ্চিম দিকস্থ ৪' চার ফুট কমন প্যাসেজ সহ স্থানীয় মাপের কমবেশী - ২ - ০ - ২৯ দুই কাঠা উনত্রিশ বর্গফুট বাস্তু জমি মায় পূর্ব দিকস্থ বাউণ্ডারী প্রাচীর

মায় .....

যায় যাবতীয় আকর আওনাতাদি চতুর্থ পক্ষ আমি একক ষোল আনা নির্দিষ্ট ও চিহ্নিত মতে প্রাপ্ত হইলাম । অন্য পক্ষদিগের অংশে প্রাপ্ত সম্পত্তিতে আমার কোনরূপ স্বত্ব, সংশ্রব অধিকার রহিল না ।

নিম্ন (ক) তপশীল বর্ণিত ষোল আনা সম্পত্তি মধ্যে নিম্ন 'চ' তপশীল বর্ণিত ও তত্রসহ নকসায় প্রদর্শিত 'কালো' রঙে বেষ্টিত ও সীমাঙ্কিত ৮' X ৭৮'-৬" মাপের বা ১ - ০ - ২৮ এক কাঠা আটাশ বর্গফুট জমি যাহা আমাদিগের পক্ষদিগের সকলের এজমালি সম্পত্তি রহিল এবং উক্ত সম্পত্তি আমরা সকল পক্ষ সমভাবে সমস্বার্থে ভোগ দখল ব্যবহার - ইত্যাদি করিব, এবং কমন প্যাসেজ হিসাবে ব্যবহার করিব ।

পরপর আমরা আমাদিগের নিজ নিজ অংশে প্রাপ্ত সম্পত্তি তত্রসহ নকশা মোতাবেক তদ্বির তত্ত্বাবধানে রাখিব ও মালিকান সরকার ও স্থানীয় মিউনিসিপ্যালিটীতে আমাদিগের নিজ নিজ নাম পৃথক পৃথক পত্তন করতঃ খাজনা ও ট্যাক্সাদি দাখিল করিয়া নিজ নিজ নামে - রসিদাদি গ্রহণ করিব ও উক্ত কার্যে আমরা পরস্পর পরস্পরকে সকল প্রকার সহায়তা করিব ।

আমাদিগের নিজ নিজ অংশ-এর প্রাপ্ত সম্পত্তি আমরা ভাঙ্গা, গড়া, পরিবর্তন, পরিবর্ধন, দান, বিক্রয়, হস্তান্তরাদি ভাড়া বিলি, ভাড়া আদায়, ভাড়াটিয়া উচ্ছেদ - সর্ব প্রকার ক্ষমতা পরিচালনা করিতে থাকিয়া পুত্র, পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্তগণক্রমে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগ দখল করিব তাহাতে কোন পক্ষ অপর পক্ষের কোন কার্যে কোন প্রকার বাধা বিঘ্ন ওজর আপত্তি করিব না বা করিবেক না করিলেও তাহা সর্বভাবে - সর্ব আদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক ।

বন্টনকৃত ষোল আনা সম্পত্তি মধ্যে যে ইলেকট্রিসিটি মিটার ও টাইমকল রহিয়াছে তাহা প্রথম পক্ষ শ্রী নিখিল রঞ্জন সান্যাল প্রাপ্ত হইবে । অদ্যকার তারিখ হইতে ৫ পাঁচ বৎসর মধ্যে প্রত্যেকে নিজ নিজ অংশে পৃথক ইলেকট্রিসিটি ও টাইমকল লইবেন । উক্ত সময় অন্তে প্রথম পক্ষ নিজাংশের সম্পত্তিতে মিটার ও কলের পয়েন্ট স্থানান্তরিত করিয়া লইতে - পারিবেন । উক্ত নির্দিষ্ট সময় কাল উক্ত ইলেকট্রিসিটি ও টাইমকল কমন ভাবে ব্যবহার হইবে ।

বন্টনকৃত সম্পত্তি মধ্যে 'বি' ব্লকে শ্রী মানস কুমার সান্যালের অংশে যে - পাতকুয়া রহিল , ভবিষ্যতে যদি কমন প্যাসেজের মধ্যে উক্ত পাতকুয়ার অংশ পড়ে তবে উক্ত পাতকুয়া বন্ধ করিয়া কমন প্যাসেজ সকলের যাতায়াতের মতো পরিষ্কার করিয়া দিবো ।

দ্বিতীয় পক্ষের সম্পত্তিতে একটি পুরাতন পায়খানা আছে উক্ত পায়খানা বর্তমানে সকলে কমন ভাবে ব্যবহার করিতে পারিবে । অত্র বন্টন নামা দলিল রেজিষ্ট্রী অন্তে অন্তবর্তী ৫ পাঁচ বৎসর কাল মধ্যে প্রত্যেকে নিজ নিজ অংশে পৃথক পৃথক পায়খানা নির্মাণ করিয়া লইবো । ততদিন উক্ত পায়খানা কমন ভাবেই ব্যবহার করিবো এবং উহার জন্য পরিষ্কার পরিচ্ছন্ন যাহা খরচ হইবে তাহা আমরা মিলিত ভাবে খরচ করিব । দ্বিতীয় পক্ষের পায়খানার কোন অংশ যদি কমন প্যাসেজের মধ্যে থাকে তবে দ্বিতীয় পক্ষ আমি তাহা ভাঙ্গিয়া প্যাসেজ সকলের - যাতায়াতের মতো পরিষ্কার করিয়া দিবো ।

প্রত্যেকের নির্দিষ্ট অংশে বসবাসের গৃহাদী না থাকায় বর্তমানে যে যে অংশে বসবাস করিতেছি সেই সেই অংশে অনধিক [illegible] বৎসর কাল বসবাস করিব । ইতি মধ্যে যাহার অংশে গৃহাদী নাই সে তাহার অংশের সম্পত্তিতে গৃহাদী নির্মাণ করিয়া নিজ নিজ অংশের সম্পত্তিতে স্থানান্তরিত হইয়া যাইবে ।

'সি' ও 'ডি' ব্লকের গৃহাদী একই ছাদের উপর হওয়ায় একে অন্যের - ক্ষতিকারক বা ক্ষুণ্ণাত্মক কার্য্য কেহ করিব না ।

যে যে অংশে কোন না কোন ব্লকের মালিকের সহিত কমন রহিল উহা কোন প্রকার ভাঙ্গা, গড়া, পরিবর্তন, পরিবর্ধন, কেহ ইচ্ছামত করিতে পারিব না । কমনপ্যাসেজের উপর কেহ কোনরূপ নূতন কনষ্ট্রাকশান করিতে পারিব না । এবং উক্ত কমন প্যাসেজ তৈরী ও রক্ষণাবেক্ষন সংস্কার আমরা পক্ষগণ মিলিত ভাবে মিলিত খরচে করিব ।

কোন পক্ষ তাহার অংশে প্রাপ্ত সম্পত্তি শরীক গণ ছাড়া অন্য কোন তৃতীয় ব্যক্তিকে দান, বিক্রয়, হস্তান্তর করিতে চাহিলে শরীকদিগকে প্রথম সুযোগ দিতে হইবে এবং ৩ তিন মাসের নোটীশে অন্য পক্ষদিগকে ন্যায্য নির্ধারিত বাজার দর উল্লেখ করিয়া হস্তান্তরের জন্য লিখিত ডাকযোগে নোটীশ দিয়া জানাইবেন এবং পক্ষগণ যদি উক্ত নোটীশের কোন উত্তর উক্ত নির্দিষ্ট সময় মধ্যে না দেন বা খরিদ করিতে অসমর্থ হন তবে নোটীশ দাতা তাহার সম্পত্তি বাহিরের কোন তৃতীয় ব্যক্তিকে হস্তান্তর করিতে পারিবেন । কোন পক্ষ তাহার অংশে পাকা গৃহাদী নির্মাণ বা পরিবর্ধন করিতে চাহিলে তাহার অংশের সম্পত্তি মর্টগেজ রাখিয়া কোন প্রকার লোন লইলে অন্য পক্ষের সম্পত্তি দায়ী থাকিবে না ।

উল্লেখ থাকে যে, যে যে রুমে বর্তমানে গৃহাদী আছে তাহাদিগের গৃহাদী পূর্বেই নির্মিত বলিয়া তাহার বাহিরের দেওয়াল মেরামত করিবার জন্য অন্যের অংশে জমিতে যাইবার প্রয়োজন হইলে কোন প্রকার আপত্তি কেহ করিবে না ।

প্রত্যেকের অংশের সম্পত্তি সীমিত হওয়ায় তাহার নির্দিষ্ট অংশের জমি হইতে ২ দুই ফুট ছাড় রাখিয়া গৃহাদী নির্মাণ করিলে কোন পক্ষের কোন আপত্তি রহিল না ।

জমি জল,কল কমবেশী ইত্যাদি কোন প্রকার ওজর আপত্তি আমরা পক্ষগণ করিব না বা করিবেক না করিলেও তাহা সর্বভাবে সর্বআদালতে অগ্রাহ্য ও নামঞ্জুর হইবেক ।

বন্টনকৃত সম্পত্তি সংক্রান্ত এই বন্টন নামা মূল দলিল সহ যাবতীয় দলিলাদি প্রথম পক্ষ শ্রী নিখিল রঞ্জন সান্যালের নিকট রহিল ঐ সকল দলিলাদি অন্য পক্ষদিগের প্রয়োজন হইলে প্রথম পক্ষ তাহা দেখাইতে বাধ্য থাকিলাম , সকল পক্ষের নিকট দলিলের একটি করিয়া নকল কপি রহিল ।

কোন পক্ষের কোন প্রকার দেনার জন্য অপর পক্ষ বা তাহার অংশে প্রাপ্ত সম্পত্তি দায়ী হইবেক না ।

এই বন্টন নামা দলিলের লিখিত যাবতীয় সর্ত সমূহ আমরা যেরূপ মানিয়া চলিতে বাধ্য থাকিলাম আমাদিগের ওয়ারিশান স্থলাভিষিক্ত গণ আমাদিগের ন্যায় তদুরূপ মানিয়া চলিতে বাধ্য থাকিবেক ।

এতদর্থে .....

এতদর্থে সুস্থ শরীরে সরলমনে অন্যের বিনানুরোধে এই কটনামা দলিলের ভাষা ও মর্ম সম্যক অবগত হইয়া নিজ নিজ মিতার্থে আমরা পক্ষগণ একমতাবলম্বী হইয়া এই আপোষ কটনামা দলিলে সহি সম্পাদন করিলাম। ইতি সন বাং ১৩৯৭ সালের - ২৯ ফাল্গুন ইংরাজী ১৯৯১ সালের - 22 ফেব্রুয়ারী

(ক) তপশীল বর্ণিত সম্পত্তি কটনকৃত ষোল আনা সম্পত্তির পরিচয় :-
**********************************************

জেলাউত্তর ২৪ পরগণা , থানা দমদম হাল থানা নিমতা , এ্যাডিশ্যানাল - ডিষ্ট্রিক্ট কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিস পরগণা কলিকাতা নর্থ দমদম মিউনিসিপ্যালিটীর এলাকাধীন জে.এল. নং ২ , রে.সা. নং ১০২ , মৌজা উত্তর নিমতা ৩৩ , ১৩৩ , ১৩৪ নং তৌজি ঊর্দ্ধতন মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেক্টর বাহাদুর অধিকারে ২১১ নং খতিয়ানভুক্ত ২১০২ দুই হাজার একশত দুই নম্বর দাগের নিষ্কর রায়তি দখলি সুত্রীয় .১৫ শতক বাস্তু জমি বা তৎসহ নক্সায় প্রদর্শিত বর্তমান মাপ সুরতে স্থানীয় মাপের কমবেশী ৯ - ১ - ১৩ নয় কাঠা এক ছটাক তের বর্গফুট জমি সহ তদুপরিস্থিত - পুরাতন ভগ্ন প্রায় গৃহাদী সহ সংলগ্ন বারান্দা , সহ দ্বিতলে উঠিবার সিঁড়ি সহ পায়খানা , বাথরুম , সহ বাউণ্ডারী প্রাচীর প্রাচীর সহ ইলেকট্রিক ফিটিংস সহ যাবতীয় আব্রু - আওলাতাদি এই কটনকৃত সম্পত্তি হইতেছে। যাহা স্থানীয় মিউনিসিপ্যালিটীর ৬ নং ওয়ার্ডের ১ নং হোল্ডিং ভুক্ত কালী টাম্পেল রোড প্রেমিসেস স্থিত সম্পত্তি ।

যাহার চৌহদ্দী :-
**************

উত্তরে :- শ্রী কৃষ্ণধন চক্রবর্ত্তীর জমি ও বাড়ী ।

দক্ষিণে :- মিউনিসিপ্যাল রাস্তা কালী টাম্পেল রোড ।

পৃষ্ঠে .....

পূর্বে :- শ্রী মণীন্দ্র লাল মুখার্জী জমি ও বাড়ী ।

পশ্চিমে :- শ্রী জ্যোতিষ চন্দ্র বসাকের জমি ।

উক্ত চৌহদ্দি মধ্যে বন্টনকৃত ভূমির পরিমান স্থানীয় মাপের কমবেশী - ৯ - ১ - ১৩' নয় কাঠা এক ছটাক তের বর্গফুট জমি সহ তদ্‌পরিস্থিত গৃহাদী সহ যাবতীয় আস্ব আওলাতাদি ।

(খ) উপরোক্ত বর্ণিত সম্পত্তি যাহা প্রথম পক্ষ শ্রী নিখিল রঞ্জন সান্যাল, যে সম্পত্তি একক ষোল আনা নির্দিষ্ট ও চিহ্নিতমতে প্রাপ্ত হইলাম তাহার পরিচয়, পরিমাণ ও চৌহদ্দি :-
*********************************************

জেলা উত্তর ২৪ পরগণা, থানা দমদম হাল থানা নিমতা, এডিশ্যানাল ডিষ্ট্রিক্ট কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিস পরগণা কলিকাতা নর্থ দমদম মিউনিসিপ্যালিটীর এলাকাধীন জে.এল. নং ২, রে.সা. নং ১০২, মৌজা উত্তর নিমতা ৬৩, ১৬৩, ১৬৪ নং তৌজি উর্দ্ধতন মালিক-পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেক্টর বাহাদুর অধিকারে ২১১ নং খতিয়ানস্থিত ২৯০২ দুই হাজার নয়শত দুই নং দাগের নিষ্কর রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট জমিজমা মধ্যে অত্রসহ নক্সায় প্রদর্শিত 'লাল' রঙে বেষ্টিত ও - সীমাঙ্কিত 'এ' ব্লক স্থিত স্থানীয় মাপের পশ্চিম দিকস্থ ৪' চার ফুট কমন প্যাসেজ সহ কমবেশী ২ - ০ - ২৯' দুই কাঠা উনত্রিশ বর্গফুট বাস্তু জমি সহ তদ্‌পরিস্থিত পুরাতন ভগ্নপ্রায় অব্যবহার্য্য এক কামরা ঘর সহ দক্ষিণ ও পূর্ব দিকস্থ বাউন্ডারী প্রাচীর সহ পশ্চিম দিকস্থ জমি মধ্যস্থ ৪' ফুট ও তৎ পশ্চিমে ৮' ফুট সর্ব্ব মোট ১২' বার ফুট প্রশস্থ কমন প্যাসেজ ও দক্ষিণ দিকস্থ মিউনিসিপ্যাল রাস্তার ইজমেন্ট স্বত্বাদি সহ যাবতীয় আস্ব আওলাতাদি দরবস্ত হক হকুক সম্পত্তি প্রথম পক্ষ আমার নাম বরাবর একক ষোল আনা নির্দিষ্ট ও চিহ্নিত রহিল। যাহা স্থানীয় মিউনিসিপ্যালিটীর ৬ নং ওয়ার্ডের ১ নং হোল্ডিং

যাহার পরিমাপ (৪' ফুট কমন প্যাসেজ সহ )
*********************************

উত্তরে :- পূর্ব পশ্চিমে ৪১'-৪" লম্বা ।

দক্ষিণে :- পূর্ব পশ্চিমে ৪১'-৪" লম্বা ।

পূর্বে :- উত্তর দক্ষিণে ২১'৩" চওড়া ।

পশ্চিমে :- উত্তর দক্ষিণে ৩০'৫" চওড়া ।

যাহার চৌহদ্দি :-
****************

উত্তরে :- 'বি' ব্লকে শ্রী মানস কুমার সান্যালের নির্দিষ্ট সম্পত্তি ।

দক্ষিণে :- কালী টেম্পল রোড ।

পূর্বে :- শ্রী ফণীন্দ্র লাল মুখার্জীর জমি ও বাড়ী ।

পশ্চিমে :- জমি মধ্যস্থ ৪' ফুট ও তৎপশ্চিমে ৮' ফুট সর্বমোট ১২' বার ফুট প্রশস্থ কমন প্যাসেজ ।

উক্ত পরিমিত ও চৌহদ্দি মধ্যে প্রথম পক্ষের অংশে প্রাপ্ত কটনকৃত সম্পত্তির - পরিমান ৪' চার ফুট কমন প্যাসেজ সহ স্থানীয় মাপের কমবেশী ২-০-২৯ দুই কাঠা উনত্রিশ বর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ভগ্ন প্রায় একতলা ঘর মায় পূর্ব ও দক্ষিণ দিকস্থ বাউণ্ডারী প্রাচীর মায় যাবতীয় আবর আওনাতাদি ও পশ্চিম দিকস্থ জমি মধ্যস্থ ৪' ফুট ও তৎ পশ্চিমে ৮' আট সর্ব মোট ১২' বার ফুট কমন প্যাসেজের ও দক্ষিণ দিকস্থ মিউনিসিপ্যাল রাস্তার উপর ও তন্দেশ দিয়া ইলেকট্রিক লাইন, টেলিফোনের তার, জলকলের পাইপ ও জল নিস্কাশনের ড্রেন নির্ম্মাণ মায় যাবতীয় ইজমেণ্ট সুযোগ সুবিধাদি, প্রথম পক্ষের অংশে প্রাপ্ত সম্পত্তির মূল্য ২০,০০০ কুড়ি হাজার টাকা মাত্র ।
*******************************

(গ) তপশীল .....

(গ) তপশীল বর্ণিত সম্পত্তি দ্বিতীয় পক্ষ শ্রী তাপস কুমার
সান্যাল , যে সম্পত্তি এক্ষ ষোল আনা নির্দিষ্ট ও
চিহ্নিত হয়ে প্রাপ্ত হইবেন তাহার পরিচয়, পরিমাণ ও চৌহদ্দী :-
*****************************************************

জেলা উত্তর ২৪ পরগণা , থানা দমদম হাল থানা নিমতা এ্যাডিশ্যানাল ডিষ্ট্রিক্ট কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিস পরগণা কলিকাতা , নর্থ দমদম মিউনিসিপ্যালিটীর এলাকাধীন জে.এল. নং ১ , রে.সা. নং ১০২ , মৌজা উত্তর নিমতা ৩৩ , ১৩৩ ও ১৩৪ নং তৌজি ঊর্দ্ধতন মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেক্টর বাহাদুর অধিকারে ২১১ নং খতিয়ানস্থিত ২১০২ দুই হাজার নয়শত দুই নং দাগের নিষ্কর রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট জমিজমা মধ্যে এতৎসহ নক্সায় প্রদর্শিত 'নীল' রঙে বেষ্টিত ও সীমাজিত 'বি' ব্লক স্থিত স্থানীয় মাপের পশ্চিমের দিকস্থ ৪' চার ফুট কমন প্যাসেজ সহ কমবেশী - ১ - ১৪ - ১৩ এক কাঠা চৌদ্দ ছটাক তের বর্গফুট বাস্তু জমি সহ তিন কামরা পুরাতন গৃহাদী সংলগ্ন বারান্দা সহ দ্বিতলে উঠিবার সিঁড়ি সহ পশ্চিম দিকস্থ প্রতি অংশস্থ ৪' ফুট ও উৎ পশ্চিমে ৮' ফুট সর্ব মোট ১২' বার ফুট প্রশস্থ কমন প্যাসেজের ইজমেন্ট স্বত্বাদি সহ যাবতীয় আকর আওলাতাদি দরবস্ত হক হকুক সম্পত্তি দ্বিতীয় পক্ষ আমার নাম বরাবর এক্ষণ ষোল আনা নির্দিষ্ট ও চিহ্নিত রহিল ।

মাপের পরিমাণ (৪' ফুট কমন প্যাসেজ সহ )
************

| | | |
|---|---|---|
| উত্তরে | :- | পূর্ব পশ্চিমে ৪১' - ৩" লম্বা । |
| দক্ষিণে | :- | পূর্ব পশ্চিমে ৪১' - ৩" লম্বা । |
| পূর্বে | :- | উত্তর দক্ষিণে ২৭' - ৯" চওড়া । |
| পশ্চিমে | :- | উত্তর দক্ষিণে ২৭' - ৯" চওড়া । |

মাপের .....

যাহার চৌহদ্দি :-
*******************

উত্তরে :- 'ডি' ব্লক শ্রী রবিশঙ্কর সান্যালের নির্দিষ্ট সম্পত্তি ।

দক্ষিণে :- 'বি' ব্লকে শ্রী মদন কুমার সান্যালের নির্দিষ্ট সম্পত্তি ।

পূর্বে :- শ্রী মণীন্দ্র লাল মুখার্জীর জমি ও বাড়ী ।

পশ্চিমে :- জমি মধ্যস্থ ৪' ফুট ও তৎ পশ্চিমে ৮' ফুট সর্বমোট ১২' বার ফুট প্রশস্থ কমন প্যাসেজ ।

অত্র পরিমাপ ও চৌহদ্দি মধ্যে দ্বিতীয় পক্ষের অংশে প্রাপ্ত কন্টকমুক্ত সম্পত্তির সর্ব পরিমাণ ৪' কমন প্যাসেজ সহ স্থানীয় মাপের কমবেশী ১ - ১৪ - ১৬ এক কাঠা চৌদ্দ ছটাক ষোল বর্গফুট বাস্তু জমি সহ ৩ টি ভগ্ন প্রায় পুরাতন ঘর, বারান্দা সহ দ্বিতলে - উঠিবার সিঁড়ি সহ পশ্চিম দিকস্থ জমি মধ্যস্থ ৪' ফুট ও তৎ পশ্চিমে ৮ ফুট সর্ব মোট ১২' ফুট প্রশস্থ কমন প্যাসেজের উপর ও তন্মধ্যে দিয়া ইলেকট্রিক লাইন, টেলিফোনের তার, জলকলের পাইপ ও জল নিষ্কাশনের ড্রেন নির্মাণ সহ যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি। দ্বিতীয় পক্ষের অংশে প্রাপ্ত সম্পত্তির মূল্য ২৫,০০০ পঁচিশ হাজার টাকা মাত্র ।
*******************************

(ঘ) তপশীল বর্ণিত সম্পত্তি তৃতীয় পক্ষ শ্রী রবি শঙ্কর সান্যাল, যে সম্পত্তি এক ষোল আনা নির্দিষ্ট ও চিহ্নিত মতে প্রাপ্ত হইলাম, তাহার পরিচয়, পরিমাণ ও চৌহদ্দি
*****************************************

জেলা উত্তর ২৪ পরগণা, থানা দমদম হাল থানা নিমতা এডিশনাল ডিষ্ট্রিক্ট কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিস, পরগণা কলিকাতা নর্থ দমদম মিউনিসিপ্যালিটীর এলাকাধীন জে.এল. নং ২, রে.সা. নং ১০২, মৌজা উত্তর নিমতা ৬৩, ১৬৩, ১৬৪ নং তৌজি - উর্ধতন মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেক্টর বাহাদুর অধিকারে

২১১ নং খতিয়ান স্থিত ২৯০২ দুই হাজার নয়শত দুই নং দাগের নিষ্কর রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট জমিজমা যাহা এতসহ নক্সায় প্রদর্শিত হলদে রঙে বেষ্টিত ও সীমাঙ্কিত 'ডি' ব্লক স্থিত স্থানীয় মাপের কমবেশী ২ - ০ - ১' দুই কাঠা এক বর্গফুট বাস্তু জমি যায় তদু - পরিস্থিত দুই কামরা বহু পুরাতন ভগ্নপ্রায় ঘর, যায় এক কামরা বহু পুরাতন রান্নাঘর যায় সংলগ্ন বারান্দা যায় দক্ষিণ দিকস্থ সর্ব মোট ১২' বার ফুট প্রশস্থ কমন প্যাসেজের ইজমেন্ট স্বত্বাদি দরবস্ত হক হকুক সম্পত্তি যায় যাবতীয় ঊর্দ্ধ আওনাআদি তৃতীয় পক্ষ আমার নাম বরাবর একক ষোল আনা নির্দিষ্ট ও চিহ্নিত রহিল।

যাহার পরিমাণ :-
***************

উত্তরে :- পূর্ব পশ্চিমে ৫৭' - ৩" লম্বা।

দক্ষিণে :- পূর্ব পশ্চিমে ৫৭' ৩" লম্বা।

পূর্বে :- উত্তর দক্ষিণে ২৫' ৯" চওড়া। -

পশ্চিমে :- উত্তর দক্ষিণে ২৬' ১" চওড়া।

যাহার চৌহদ্দি :-
*****************

উত্তরে :- শ্রী কৃষ্ণধন চক্রবর্ত্তীর জমি ও বাড়ী।

দক্ষিণে :- 'সি' ব্লকে শ্রী তাপস কুমার সান্যালের নির্দিষ্ট সম্পত্তি।

পূর্বে :- শ্রী ফণীন্দ্র নাথ মুখার্জীর জমি ও বাড়ী।

পশ্চিমে :- অন্যের পুকুর।

অত্র ....

উক্ত পরিমীত ও চৌহদ্দি মধ্যে তৃতীয় পক্ষের অংশে প্রাপ্ত কটনকৃত সম্পত্তির পরিমাপ স্থানীয় মাপের কমবেশী ২ - ০ - ১ দুই কাঠা এক ছটাক জমি সহ তদুপরিস্থিত দুই কামরা পুরাতন ঘর সহ এক কামরা পুরাতন রান্নাঘর সহ সংলগ্ন বারান্দা সহ দক্ষিণ দিকস্থ সর্ব মোট ১২ ' বার ফুট প্রশস্থ কমন প্যাসেজ এর উপর ও তলদেশ দিয়া ইলেকট্রিক লাইন টেলিফোনের তার , জলকলের পাইপ আনয়ন জল নিষ্কাশনের ড্রেন নির্মাণ ও চলাচলের - যাবতীয় ইজমেন্ট সুবিধা সহ যাবতীয় আকর আওলাতাদি , যাহা স্থানীয় মিউনিসিপ্যালিটীর ৬ নং ওয়ার্ডের ১ নং হোল্ডিং ভুক্ত কালী ট্যাম্পেল রোড ভুক্ত সম্পত্তি । তৃতীয় পক্ষের অংশে প্রাপ্ত সম্পত্তির মূল্য ২৫,০০০ পঁচিশ হাজার টাকা মাত্র ।
*************************************

(৩) তপসীল বর্ণিত সম্পত্তি চতুর্থ পক্ষ শ্রী মানস কুমার সান্যাল
যে সম্পত্তি একক ভাবে আলা নির্দিষ্ট ও চিহ্নিত মতে প্রাপ্ত
হইলাম তাহার পরিচয় , পরিমাপ ও চৌহদ্দি :-
********************************************

জেলা উত্তর ২৪ পরগণা , থানা দমদম হাল থানা নিমতা , এ্যাডিশ্যানাল ডিষ্ট্রিক্ট কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিস পরগণা কলিকাতা নর্থ দমদম মিউনিসিপ্যালিটীর এলাকাধীন জে.এল. নং ২ , রে.সা. নং ১০২ , মৌজা উত্তর নিমতা ৬৩ , ১৬৩ , ১৬৪ নং তৌজি - উর্দ্ধতন মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেক্টর বাহাদুর অধিকারে ২১১ নং খতিয়ানস্থিত ২৯০২ দুই হাজার নয়শত দুই নং দাগের নিষ্কর রায়ত দখলী স্বত্ত্ব বিশিষ্ট জমিজমা মধ্যে অত্রসহ নকসায় প্রদর্শিত ' সবুজ ' রঙে বেষ্টিত ও সীমাঙ্কিত 'বি' ব্লক স্থিত স্থানীয় মাপের পশ্চিম দিকস্থ ৪ ' চার ফুট কমন প্যাসেজ সহ কমবেশী - ২ - ০ - ২১ দুই কাঠা উনত্রিশ ছটাক বাস্তু জমি সহ পূর্ব দিকস্থ বাউন্ডারী প্রাচীর সহ যাবতীয় আকর আওলাতাদি সহ পশ্চিম দিকস্থ জমি মধ্যস্থ ৪ ' ফুট ও উৎ পশ্চিমে

৮ ' ফুট ....

৮ ' ফুট সর্ব মোট ১২ ' বার ফুট প্রশস্থ কমন প্যাসেজের ইজমেন্ট সুত্রাদি যায় যাবতীয় আব্রু আওলাতাদি দরবস্ত হক হকুক সম্পত্তি চতুর্থ পক্ষ আমার নাম বরাবর একষোল আনা নির্দিষ্ট ও চিহ্নিত রহিল । যাহা স্থানীয় মিউনিসিপ্যালিটীর ৩ নং ওয়ার্ডের ১ নং হোল্ডিং ভুক্ত কালী টাম্পেল রোড ভুক্ত সম্পত্তি ।

মাহার পরিমাণ :-
***************

উত্তরে :- পূর্ব পশ্চিমে ৪১ ' ৩ " লম্বা ।

দক্ষিণে :- পূর্ব পশ্চিমে ৪১ ' - ৪ " লম্বা ।

পূর্বে :- উত্তর দক্ষিণে ২১ ' ৩ " চওড়া ।

পশ্চিমে :- উত্তর দক্ষিণে ৩০ ' ৫ " চওড়া ।

যাহার চৌহদ্দী :-
************

উত্তরে :- ' সি ' ব্লক শ্রী তাপস কুমার সান্যালের নির্দিষ্ট সম্পত্তি ।

দক্ষিণে :- ' এ ' - ব্লক শ্রী নিখিল রুঞ্জন সান্যালের নির্দিষ্ট সম্পত্তি ।

পূর্বে :- শ্রী ফনীশ্বু লাল মুখার্জীর জমি ও বাড়ী ।

পশ্চিমে :- জমি মধ্যস্থ ৪ ' ও তৎপশ্চিমে ৮ ' ফুট সর্ব মোট ১২ ' বার ফুট প্রশস্থ কমন প্যাসেজ ।

অত্র পরিমীত ও চৌহদ্দি মধ্যে চতুর্থ পক্ষের অংশে প্রাপ্ত স বন্টনকৃত সম্পত্তির পরিমান ৪ ফুট কমন প্যাসেজ সহ স্থানীয় মাপের কমবেশী ২ - ৩ - ২৯ ' দুই কাঠা উনত্রিশ বর্গফুট বাস্ত জমি যায় পূর্ব দিকস্থ বাউন্ডারী প্রাচীর যায় পশ্চিমদিকস্থ জমি মধ্যস্থ ৪ ' ফুট ও তৎ পশ্চিমে ৮ ' ফুট সর্ব মোট ১২ ' ফুট প্রশস্থ কমন প্যাসেজের উপর ও তলদেশ নি[illegible]

ইলেকট্রিক লাইন ,টেলিফোনের তার জলকলের পাইপ আনায়ণ জল নিস্কাশনের ড্রেন নির্ম্মাণ ও চলাচলের যাবতীয় ইজমেন্ট সুত্বাদি যায় যাবতীয় আকর আওলাআদি । চতুর্থ পক্ষের অংশে প্রাপ্ত সম্পত্তির মূল্য ২০,০০০ , কুড়ি হাজার টাকা মাত্র ।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

(চ) তপশীল বর্ণিত সম্পত্তি যাহা পক্ষগণের এজমালি সম্পত্তি
যাহা পক্ষগণের এজমালি সম্পত্তি রহিল তাহার পরিচয় ও চৌহদ্দী :-

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

জেলা উত্তর ২৪ পরগণা থানা দমদম হাল থানা নিমতা এ্যাডিশ্যানাল ডিষ্ট্রিক্ট কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিস পরগণা কলিকাতা নর্থ দমদম মিউনিসিপ্যালিটীর এলাকাধীন জে.এল. নং ২ , রে.সা. নং ১০২ , মৌজা উত্তর নিমতা ৩০ ,১৩০ ,১৩৪ নং তৌজি উপর্স্থিত মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেক্টর বাহাদুর অধিকারে ২১১ নং খতিয়ানস্থিত ২১০২ দুই হাজার একশত দুই নং দাগের নিষ্কর রায়ত দখলি সত্ত্ব বিশিষ্ট অধিক্রয় মধ্যে অত্রসহ নকসায় প্রদর্শিত ' কালো ' রঙে বেষ্টিত ও - সীমাভিক্ত স্থানীয় মাপের কমবেশী ১ - ০ - ২৮ এক কাঠা আঠাশ বর্গফুট বাস্ত জমি [illegible] যাহা আমাদিগের পক্ষ দিগের কমন প্যাসেজ হিসাবে এজমালি সম্পত্তি রহিল ।

পক্ষগণ উহার উপর ও তদ্দেশ দিয়া ইলেকট্রিক লাইন ,টেলিফোনের তার ,

জল কলের ...

জল কলের পাইপ , জল নিস্কাশনের ড্রেন নির্মাণ ও চলাচলের রাইট সহ এজমালি সম্পত্তি হইতেছে । যাহা স্থানীয় মিউনিসিপ্যালিটীর ৬ নং ওয়ার্ডের ১ নং হোল্ডিং ডঃবিঃ কালী ট্যাম্পেল রোড ডঃবিঃ সম্পত্তি হইতেছে ।

উক্ত সহ নকশা দলিলের একাংশ বলিয়া গণ্য ও কার্যকরী হইবে ।

দলিল প্রস্তুত কারক ও
মুসাবিদাকারক :-
*****************

শ্রী প্রশান্ত কুমার ঘোষ

শ্রী প্রশান্ত কুমার ঘোষ ।
৬৩ নং কবি সত্যেন দত্ত রোড ।
নিমতা , কলিকাতা - ৪৯ ।
লাইসেন্স নং ডি.ডবলু. XI ৩৬

সাক্ষী :-
********

অতনু সরকার
ইন্দিরা কলোনী
নিমতা
কলিকাতা ৪৯

প্রশান্ত কুমার ঘোষ
৬৩ কবি সত্যেন দত্ত রোড,
নিমতা কলি ৪৯

টাইপকারক :-
***********

বিশ্বজিৎ মিত্র

পিন্টু গিরি ,
কাশীপুর দমদম ,
সাবরেজিস্ট্রী অফিস ।